গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
নড়াইল
www.dshe.narail.gov.bd

স্মারক নং-৩৭.০২.৬৫০০.০০১.০০.০৯৯.২৬. ১১৭২

তারিখ : ০৪ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন ক্রীড়া পরিদপ্তর নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭ কর্মসূচিতে অংশগ্রহণের লক্ষ্যে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করা প্রসঙ্গে।

সূত্র: ৩৪.০২.৪০৬৫.০৩৭.২০.০২৪.২৬-৫৮, তারিখ: ১৩.০৭.২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার আওতাধীন প্রতিষ্ঠানে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন ক্রীড়া পরিদপ্তর 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭' কর্মসূচিতে অংশগ্রহণের লক্ষ্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে বেশি সংখ্যক শিক্ষার্থীর অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ জামাল উদ্দীন)
জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
নড়াইল
০২৪৭৯৯২৩৯০৯
naraildeo2025@gmail.com

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
নড়াইল সদর/লোহাগড়া/কালিয়া
নড়াইল।

D:\DEO Office_Narail_Data\New File\Officefile.11-23.docx.1030

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ক্রীড়া অফিসারের কার্যালয়
নড়াইল

স্মারক নম্বর- ৩৪.০২.৪০৬৫.০৩৭.২০.০২৪.২৬-৫৮

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩ / ১৩ জুলাই ২০২৬

বিষয় : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন ক্রীড়া পরিদপ্তরের 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭' কর্মসূচিতে সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে ক্রীড়া উন্নয়নে সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে তৃণমূল পর্যায়ে ১০-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের মধ্য থেকে প্রতিভাবান খেলোয়াড় খুঁজে বের করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দক্ষ ক্রীড়াবিদ হিসাবে গড়ে তোলার লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন ক্রীড়া পরিদপ্তর কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' নামে একটি বিশেষ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আগামী ২৭ জুলাই ২০২৬ তারিখে 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭'- এর দ্বিতীয় পর্যায়ের প্রতিযোগিতার উদ্বোধনের মধ্য দিয়ে আগামী সেপ্টেমবর মাসে সারাদেশে একযোগে এ কর্মসূচির কার্যক্রম শুরু হবে। এ কর্মসূচির আওতায় শিশু-কিশোররা মোট ১০টি ইভেন্টে ( ফুটবল ক্রিকেট, কাবাডি, ব্যাডমিন্টন, মার্শাল আর্ট, দাবা, সাঁতার, অ্যাথলেটিক্স, ভলিবল এবং টেবিল টেনিস ) অংশগ্রহণে সুযোগ পাবে। ০১ সেপ্টেম্বর ২০১২ থেকে ৩১ আগস্ট ২০১৬ এর মধ্য জন্মগ্রহণকারী (তবে দাবা খেলার জন্য বয়সসীমাঃ ৮-১৪ বছর এবং জন্মতারিখঃ ০১ সেপ্টেম্বর ২০১২ থেকে ৩১ আগস্ট ২০১৮) শিশু-কিশোররা https://notunkurisports.gov.bd/registration.php লিংকে প্রবেশ করে আগামী ৩১ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করে প্রতিযোগিতার বাছাইপর্বে অংশগ্রহণ করতে পারবে। কোন খেলোয়াড় ০২ (দুই) টির বেশি ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে না।

তথ্যটি বহুল প্রচারে জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবগত করা (এছাড়াও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ক্রীড়া শিক্ষকের উক্ত রেজিস্ট্রেশনে জোরালো ভূমিকা পালন) এবং স্ব-স্ব প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭' কর্মসূচিতে স্বত:স্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকল্পে উৎসাহ প্রদান ও নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে সহযোগিতা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারি করতে নির্দেশক্রমে বিনীতভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০৭ পাতা

১৩/০৭/২৬
মোঃ রুবেল শেখ
জেলা ক্রীড়া অফিসার (অঃ দাঃ)
ও
সদস্য সচিব
'নতুন কুঁড়ি স্পোর্টস' জেলা কমিটি, নড়াইল

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। জেলা শিক্ষা অফিসার, নড়াইল
০২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নড়াইল
০৩। অফিস নথি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮.০০০২.২১.২৩৪

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩
১৩ জুলাই ২০২৬

**বিষয়: 'নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬' কর্মসূচিতে ১২-১৪ বছর বয়সী শিশু কিশোরদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকরণে দেশের সকল সরকারি প্রতিষ্ঠানে ব্যাপক প্রচার-প্রচারণা সংক্রান্ত**

সূত্র: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬.২৭৬ তারিখ: ৩০.০৬.২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে প্রাপ্ত পত্রটি এ-সঙ্গে প্রেরণ করা হলো। মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে আগামী ২৭ জুলাই ২০২৬ তারিখ বিকাল ৪.০০টায় 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২০২৬'-এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। এ অনুষ্ঠানের মাধ্যমে 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২০২৬'-এর কার্যক্রম সমাপ্ত হবে এবং 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭'-এর দ্বিতীয় পর্যায়ের প্রতিযোগিতার উদ্বোধন করা হবে। 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭'-এর আওতায় ১০টি ইভেন্টের উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা আগামী সেপ্টেম্বর ২০২৬ থেকে শুরু হবে। এ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনলাইন নিবন্ধন কার্যক্রম ০১ জুলাই ২০২৬ হতে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত চলমান থাকবে। 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭' প্রতিযোগিতায় ১২-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকল্পে দেশের সকল সরকারি প্রতিষ্ঠানে ব্যাপক প্রচার-প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদানের অনুরোধ জানিয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করেছে।

২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে

**সংযুক্তিঃ**
(১) বর্ণনামতে

১৩-০৭-২০২৬
মোঃ মামুন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ২২৬৬৪১০৫৭
ইমেইল : dfal_sec@cabinet.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। কমিশনার, সকল বিভাগ।
২। জেলা প্রশাসক (সকল)।
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮.০০০২.২১.২৩৪/১ (২)

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩
১৩ জুলাই ২০২৬

# নিবন্ধন করার সম্পূর্ণ নির্দেশিকা

ফর্মটি মনোযোগ দিয়ে পূরণ করুন। তারকা (*) চিহ্নিত তথ্য বাধ্যতামূলক।

## নিবন্ধনের ধাপসমূহ

১

**ব্যক্তিগত তথ্য**

নাম, জন্ম তারিখ, জন্ম নিবন্ধন, লিঙ্গ ও পিতা-মাতার তথ্য পূরণ করুন

২

**ছবি আপলোড**

পাসপোর্ট সাইজের স্পষ্ট ছবি আপলোড করুন এবং ক্রপ করে সেভ করুন (সর্বোচ্চ ২MB)

৩

**কাগজপত্র জমা**

জন্ম সনদ, প্রত্যয়নপত্র ও অভিভাবকের NID আপলোড করুন (PDF বা ছবি)

৪

**ঠিকানা নির্বাচন**

স্থায়ী ঠিকানা ও খেলার স্থান বিভাগ থেকে ইউনিয়ন পর্যন্ত নির্বাচন করুন

৫

**ইভেন্ট ও জমা**

সর্বোচ্চ ২টি ইভেন্ট বেছে নিন, উপ-বিভাগ বাছাই করুন, তারপর জমা দিন

CamScanner

## ধাপ ১ — ব্যক্তিগত তথ্য

- **খেলোয়াড়ের নাম (বাংলা ও ইংরেজি)**
  জন্ম সনদ অনুযায়ী সঠিক নাম লিখুন। ইংরেজি নাম স্বয়ংক্রিয়ভাবে বড় হাতে হবে।
- **জন্ম নিবন্ধন নম্বর**
  ১৭ সংখ্যার অনলাইন ভেরিফাইড জন্ম নিবন্ধন নম্বর দিন। একই নম্বরে দুইবার আবেদন করা যাবে না।
- **জন্ম তারিখ**
  জন্ম তারিখ ১ সেপ্টেম্বর ২০১২ থেকে ৩১ আগস্ট ২০১৬ এর মধ্যে হতে হবে। **(দাবায় ৮-১৪ বছর)**
- **লিঙ্গ**
  কিশোর (ছেলে) অথবা কিশোরী (মেয়ে) নির্বাচন করুন।
- **পিতা ও মাতার নাম**
  জন্ম সনদে যেভাবে আছে সেভাবে লিখুন।
- **অভিভাবকের নাম ও NID নম্বর**
  যার NID কপি আপলোড করবেন তার নাম ও নম্বর মিলিয়ে দিন।

## ধাপ ২ — ছবি আপলোড

"ছবি আপলোড করুন" বাক্সে ক্লিক করুন → ছবি বাছাই করুন → ক্রপ উইন্ডোতে মুখ ঠিকমতো রাখুন → **Save Photo** বোতামে ক্লিক করুন। ছবি সেভ না করলে আবেদন জমা হবে না।

ছবির সাইজ সর্বোচ্চ ২ মেগাবাইট হতে হবে। ঝাপসা, অস্পষ্ট বা সানগ্লাস পরা ছবি গ্রহণযোগ্য হবে না।

CamScanne

## ধাপ ৩ — শিক্ষা প্রতিষ্ঠান ও কাগজপত্র

প্রয়োজনীয় কাগজ
**জন্ম নিবন্ধন সনদ**
**বাধ্যতামূলক**
অনলাইন ভেরিফাইড কপি। PDF, JPG বা PNG ফরম্যাটে সর্বোচ্চ 5MB।

প্রয়োজনীয় কাগজ
**অভিভাবকের NID কার্ড**
**বাধ্যতামূলক**
সামনের ও পেছনের অংশ স্ক্যান করে একটি ফাইলে জমা দিন। সর্বোচ্চ 5MB।

প্রয়োজনীয় কাগজ
**প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র**
**বাধ্যতামূলক**
স্কুলের অফিশিয়াল প্যাডে প্রধান শিক্ষকের স্বাক্ষর ও সিলসহ। সর্বোচ্চ 5MB।

তথ্য
**শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেণি ও রোল**
**ঐচ্ছিক (শ্রেণি/রোল)**
স্কুলের নাম বাধ্যতামূলক। শ্রেণি ও রোল নম্বর দিলে যাচাই সহজ হয়।

- **মোবাইল নম্বর**
  অভিভাবকের সচল মোবাইল নম্বর দিন — পরবর্তীতে যোগাযোগের প্রয়োজন হতে পারে।

## ধাপ ৪ — ঠিকানা নির্বাচন

প্রথমে **বিভাগ** বাছাই করুন, তারপর **জেলা** — **উপজেলা** — **ইউনিয়ন** ক্রমে নির্বাচন করুন। প্রতিটি ধাপে আগেরটি নির্বাচন না করলে পরেরটি লোড হবে না।

! **খেলার স্থান** মানে যে উপজেলায় গিয়ে খেলায় অংশ নিতে চান সেই উপজেলা। স্থায়ী ঠিকানা ও খেলার স্থান একই হলে "স্থায়ী ঠিকানা এবং খেলার স্থান কি একই?" চেকবক্সে টিক দিন।

## ধাপ ৫ — ইভেন্ট নির্বাচন

- **ইভেন্ট ১ (বাধ্যতামূলক)**
  ফুটবল, ক্রিকেট, কাবাডি, অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, দাবা, মার্শাল আর্ট, সাঁতার, ভলিবল বা টেবিল টেনিস থেকে একটি বাছাই করুন।

- **ইভেন্ট ২ (ঐচ্ছিক)**
  দ্বিতীয় ইভেন্ট বাছাই করতে চাইলে ভিন্ন ইভেন্ট নির্বাচন করুন। একই ইভেন্ট দুবার বাছাই করা যাবে না।

> ব্যাডমিন্টন, টেবিল টেনিস, মার্শাল আর্ট, সাঁতার বা অ্যাথলেটিক্স নির্বাচন করলে উপ-বিভাগ (sub-events) দেখাবে। প্রতিটি ইভেন্টে সর্বোচ্চ **২টি** উপ-বিভাগ বাছাই করতে পারবেন।

## সবশেষে — আবেদন জমা দিন

> সব তথ্য পূরণ শেষে **"আবেদন জমা দিন এবং সংরক্ষণ করুন"** বোতামে ক্লিক করুন। সফল হলে আপনার **রেজিস্ট্রেশন নম্বর** দেখাবে এবং স্বয়ংক্রিয়ভাবে প্রিন্ট কপি ডাউনলোড হবে। প্রিন্ট কপিটি সংরক্ষণ করুন।

> ℹ জমা দেওয়ার পরেও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে status পেজে গিয়ে তথ্য যাচাই ও সংশোধন করা যাবে।

CS CamScanner

# অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস

রেজিস্ট্রেশনের সময় নিচের কাগজপত্রের সঠিক কপি নিশ্চিত করতে হবে:

- **অনলাইন ভেরিফাইড জন্মনিবন্ধন সনদ থাকা আবশ্যক। সাধারণ খেলার জন্য: বয়স ১০–১৪ বছর (জন্ম তারিখ: ১ সেপ্টেম্বর ২০১২ – ৩১ আগস্ট ২০১৬)। দাবা খেলার জন্য: ৮ বছর বয়স থেকেই অংশগ্রহণ করা যাবে (জন্ম তারিখ: ১ সেপ্টেম্বর ২০১২ – ৩১ আগস্ট ২০১৮)।**
- অভিভাবকের NID কার্ডের কপি
- শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র
- ৬ষ্ঠ বা ৮ম শ্রেণির ভর্তি রেজিস্ট্রেশন কার্ড
- বর্তমান শ্রেণির সত্যায়িত স্টুডেন্ট লিস্ট (টট লিস্ট)

CS CamScan

# আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র

সকল আবেদনকারীর জন্য (কমন):

- অনলাইন ভেরিফাইড জন্মনিবন্ধন সনদ
- শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি

মাধ্যমিক স্কুলের (৬ষ্ঠ–৮ম শ্রেণি) শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত:

- ৬ষ্ঠ বা ৮ম শ্রেণির ভর্তি রেজিস্ট্রেশন কার্ড
- স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক বর্তমান শ্রেণির সত্যায়িত স্টুডেন্ট লিস্টের কপি (টোট লিস্ট)

প্রাথমিক স্কুলের (৫ম শ্রেণি পর্যন্ত) অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত:

- সর্বশেষ (পূর্ববর্তী বছরের) বার্ষিক পরীক্ষার ফলাফলের সত্যায়িত কপি
- প্রধান শিক্ষক কর্তৃক ক্লাস ও বয়স সম্পর্কিত প্রত্যয়নপত্র

CS CamScanner